# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**29 AUGUST 2026** **7:45—7:55PM**

(১) নেপাল ও তিব্বতে হওয়া বিধ্বংসী বন্যায় মৃত্যু হওয়া লোকের সংখ্যা বেড়ে ৬২৬/ আসামের ১১জন লোক সন্ধানহীন/

(২) মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মাকে শিলঙে আসাম রেজিমেন্ট সেন্টারের পরম্পরাগত গাঁওবুড়া সম্মান প্রদান/

(৩) মুখ্যমন্ত্রীর নিযুত মইনা এবং নিযুত বাবু প্রকল্পের জন্য ছাত্র-ছাত্রীদের আধার নম্বর বাধ্যতামূলক/

এবং

(৪) জাতীয় ক্রীড়া দিবসে আজ দেশজুড়ে কিংবদন্তী হকি খেলোয়াড় মেজর ধ্যানচান্দের জন্মবার্ষিকী পালন/ বরাক উপত্যকার তিন জেলায় বিশেষ অনুষ্ঠান/

---------------------------------------------------------------------------------

নেপাল সরকার দক্ষিণ সিতোয়ান জেলায় ভোটে কোশী নদীর বিধ্বংসী বন্যায় প্রাণ হারানো অসনাক্ত ২২৯ জন লোকের মৃতদেহ সমাধিস্ত করার সিদ্ধান্ত নিয়েছে । মৃতদেহগুলির অবস্থা খারাপ হবার ফলে সংক্রমণের আশঙ্কায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । নেপালের জাতীয় দুর্যোগ প্রশমন ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রকাশ করা তথ্য অনুসারে আজ সকালে মোট ৬২৬ টি মৃতদেহ উদ্ধার করা হয়েছে । উদ্ধার করা মৃতদেহের সংখ্যা বেড়ে যাওয়ার ফলে সিতয়ান জেলা প্রশাসন মৃতদেহ সংরক্ষিত করে রাখার ক্ষেত্রে জটিলতার সম্মুখীন হয়েছে । স্থানীয় চিকিৎসালয়ে পর্যাপ্ত স্থান ও সুবিধার অভাবে মৃতদেহগুলি রাখার জন্য অস্থায়ী ব্যবস্থা করতে হয়েছে ।

স্বাস্থ্য বিশেষজ্ঞরা গলে পচে যাওয়া মৃতদেহ থেকে দূর্গন্ধের ফলে সংক্রমণ এবং এর ফলে মহামারী ছড়িয়ে পরতে পারে বলে সতর্ক করে দিয়েছেন । সমাধিস্ত করার পূর্বে মৃতদেহসমূহের ডি এন এ সংগ্রহ করা হবে বলে তারা জানিয়েছেন ।

এদিকে নেপালের বন্যায় সন্ধানহীন বলে ইতিপূর্বে প্রকাশ পাওয়া নলবারী জেলার পংকজ বর্মণ ও সমর বেজবরুয়া নামের দুজন এবং পশ্চিম কার্বি আংলংয়ের শিব মারাক , সার্বিসন মারাক ও এলিপসং সাংমা নামের তিনজন লোক নিরাপদে রয়েছেন বলে পারিবারিক সূত্রে জানানো হয়েছে । তবে আসাম রাজ্য দূর্যোগ ব্যাবস্থাপনা কর্তৃপক্ষের প্রকাশিত তথ্য অনুসারে আজ পশ্চিম কার্বি আংলংয়ের একজন লোক সন্ধানহীন হবার খবর পাওয়া গেছে । এ নিয়ে নেপালের বন্যায় সন্ধানহীন আসামের লোকের সংখ্যা  ১১ জনে বৃদ্ধি পেয়েছে । অর্থমন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া আজ টেলিফোনের মাধ্যমে নেপালের বন্যায় সন্ধানহীন অরুন মহন্তের পরিবারের সঙ্গে কথা বলে পরিস্থিতির খোঁজ নেন । সেইসঙ্গে মন্ত্রী সরকারের পক্ষ থেকে সবধরণের সহযোগীতা প্রদানের আশ্বাস দেন । কেন্দ্রীয় বন্দর ,জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ নেপালের ঘটনাকে নিয়ে গভীর শোক প্রকাশ করেন । কেন্দ্রীয় মন্ত্রী নেপালে সন্ধানহীন আসামের লোকেরা সুস্থভাবে ফিরে আসবেন বলে আশা প্রকাশ করেন ।

------------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ মেঘালয়ের রাজধানী শিলংয়ে আসাম রেজিমেন্টের যুদ্ধস্মারকস্থলে দেশমাতার সুরক্ষার স্বার্থে সর্ব্বোচ্চ ত্যাগ স্বীকার করা বীর জওয়ানদের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন । এ উপলক্ষ্যে ড.শর্মা বলেন যে শহীদদের অদম্য সাহস ,বীরত্ব ও আত্মত্যাগ সকলকে সর্বদা দেশ সেবার জন্য অনুপ্রাণিত করে যাবে । মূখ্যমন্ত্রী যুদ্ধস্মারকে বীর শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলী নিবেদন সহ সমর কলা কৌশল, কুচকাওয়াজ ও অস্ত্র সঞ্চালন শৈলী প্রত্যক্ষ করেন এবং সেনা জওয়ান তথা সামরিক পরিবারবর্গের সঙ্গে মত বিনিময় করেন । এর পর মুখ্যমন্ত্রীকে শিলংয়ে উষ্ণ অভ্যর্থনা জানানো হয় এবং আসাম রেজিমেন্ট সেন্টারের পরম্পরাগত  গাঁওবুড়া সম্মানে ভূষিত করা হয় ।

---

মূখ্যমন্ত্রীর নিযুত মইনা ও নিযুত বাবু প্রকল্পের জন্য ছাত্র ছাত্রীর আধার নম্বর বাধ্যতামূলক করা হয়েছে । আসাম সরকারের উচ্চ শিক্ষা সঞ্চালকালয় এসম্পর্কে এক নির্দেশ জারি করেছে । তবে ১৮ বছর অনূর্ধ্ব ছাত্র ছাত্রীর ক্ষেত্রে নতুন করে আধার কার্ড প্রদান ব্যাবস্থা রাজ্য সরকার বন্ধ রাখার পরিপ্রেক্ষিতে উচ্চ শিক্ষা সঞ্চালকালয় বিশেষ প্রক্রিয়ার মাধ্যমে এই প্রকল্পের জন্য ছাত্র ছাত্রীদের আধার কার্ড প্রদানের ব্যাবস্থা করেছে । এসম্পর্কে নির্দেশ অনুসারে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের আধারকার্ড না থাকা শিক্ষার্থীদের যাবতীয় তথ্যসমূহ জেলা আয়ুক্তের কার্যালয়ে প্রেরণ করতে হবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল বেলা ১১ টায় আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তার চিন্তা ভাবনা ভাগ করে নেবেন । এটি হবে মাসিক এই বেতার অনষ্ঠনের ১৩৭তম পর্ব ।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে বেলা ১১টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে । আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল **app** , আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ , প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel - এও এই অনুষ্ঠান শোনা যাবে ।

---

কিংবদন্তী হকি খেলোয়াড় মেজর ধ্যানচান্দের জন্ম বার্ষিকীর সঙ্গে সঙ্গতি আজ সমগ্র দেশে জাতীয় ক্রীড়া দিবস উদযাপন করা হয়েছে । দেশের পরম্পরাগত ক্রীড়া এতিহ্যের উদযাপন এবং জনসাধারণকে খেলাধূলাকে নিজেদের জীবনশৈলীর আংশ করে নেওয়ার প্রতি উৎসাহিত করার উদ্দেশ্যে প্রতি বছর ২৯শে আগস্ট এই দিবস পালন করা হয় । এবার শ্রদ্ধা জ্ঞাপন, খেলা এবং অগ্রসর হওয়া এই তিনটি শীর্ষকে তিনিদিনব্যাপী দেশজোড়া অভিযানের মাধ্যমে জাতীয় ক্রীড়া দিবস পালন করা হয়েছে । এবার ‘খেলার মাঠে একঘন্টা’ এই আহ্বানের মাধ্যমে এই দিবস উদযাপন করা হয়েছে । সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী মোদী বলেছেন যে- ভারতীয় হকিতে মেজর

ধ্যানচান্দের প্রতিভা দেশের প্রতিটি প্রজন্মকে অনুপ্রাণিত করে আসছে । প্রধানমন্ত্রী সকল ক্রীড়াপ্রেমীকে শুভেচ্ছা জানিয়েছেন ।

ক্রীড়া দিবসের সঙ্গে সঙ্গতি রেখে সমগ্র দেশে বিভিন্ন কার্যসূচির আয়োজন করা হয়েছে । জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষে কেন্দ্রীয় মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া এবং অর্জুন রাম মেঘাওয়াল আজ নতুন দিল্লিতে একটি ক্রিকেট ম্যাচে অংশ নেন । খেলার শেষে সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে ডঃ মান্ডভিয়া জনসাধারণকে সুস্থ ও সবল হয়ে থাকার জন্য প্রতিদিন কমপক্ষে এক ঘন্টা খেলার মাঠে অতিবাহিত করার আহ্বান জানান । তিনি বলেন যে- একটি সমৃদ্ধ রাষ্ট্র গড়ার জন্যে সবল যুব প্রজন্ম এবং সুস্থ সমাজ অতি জরুরি ।

শ্রী মেঘাওয়াল সাংবাদিকদের সঙ্গে কথা প্রসঙ্গে বলেন যে- খেলাধূলা জনসাধারণকে সুস্থ-সবল থাকতে সহায়তা করে এবং দুশ্চিন্তার থেকে দূরে রাখে ।

উল্লেখ্য- সরকার দেশে ক্রীড়া অনুকূল ব্যবস্থা গড়ে তোলার জন্য নিরন্তর চেষ্টা চালিয়ে যাচ্ছে এবং বিশ্ব পর্যায়ে এর সুফলও দেখতে পাওয়া যাচ্ছে । অলিম্পিক, প্যারা অলিম্পিক সহ গুরুত্বপূর্ণ ক্রীড়া প্রতিযোগিতাগুলিতে ভারতীয় খেলোয়াড়দের ঔৎকর্ষ প্রতিফলিত হয়েছে । ২০২৬-২৭ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেটে যুব পরিক্রমা এবং ক্রীড়া মন্ত্রণালয়ের জন্যে চার হাজার ৪০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে । এই অর্থ ২০১৩-১৪ অর্থবর্ষের তুলনায় তিন হাজার দুশো কোটি টাকা বেশি ।

এদিকে গুয়াহাটির সরুসজাই ভোগেশ্বর বড়ুয়া ক্রীড়া প্রকল্পে আজ জাতীয় ক্রীড়া দিবস উদযাপন করা হয়েছে । খেলাধূলা, শারীরিক সুস্থতা এবং আসামের পরম্পরাগত স্থানীয় ক্রীড়ার প্রচারের উদ্দেশ্যে বেশকিছু ক্রীড়া প্রতিযোগিতা, প্রদর্শনী খেলাধূলা এবং অন্যান্য কার্যসূচির আয়োজন করা হয়েছে । এসব কার্যসূচিতে আসামের ক্রীড়া ও যুবকল্যাণ ইত্যাদি বিভাগের মন্ত্রী বিশ্বজিৎ দৈমারী উপস্থিত ছিলেন । এতে রাজ্যের ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের সঞ্চালক কমনওয়েল্থ গেম্সের স্বর্ণপদক জয়ী নয়নমণি শইকিয়াও উপস্থিত ছিলেন ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষে আজ বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে । কাছাড় জেলায় এই উপলক্ষে শিলচর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে ক্রীড়া সংস্থার মাঠে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এতে খেলাধূলার প্রসার, তৃণমূল স্তরে খেলাধূলার প্রতি সচেতনতা বৃদ্ধি এবং তরুণ প্রজন্মকে মাঠমুখী করার উপর গুরুত্ব আরোপ করা হয় । জেলার অতিরিক্ত আয়ুক্ত ডেভিড বরা অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বলেন যে- ভালো খেলোয়াড়দের জন্য স্পোর্টস কোটায় চাকরির সুযোগ রয়েছে । তাই খেলাধূলার পাশাপাশি বিভিন্ন ক্রীড়া সংস্থার সঙ্গে যুক্ত থাকাও গুরুত্বপূর্ণ বলে তিনি উল্লেখ করেন । এছাড়া শিলচরে একটি এক্সিলেন্স সেন্টার গড়ে তুলতে সরকারের কাছে আবেদন জানানোরও তিনি পরামর্শ দেন । এই দিবসের অন্যান্য কার্যসূচির মধ্যে ছিল- ক্যুইজ প্রতিযোগিতা এবং হকি প্রীতি ম্যাচ । জেলা ক্রীড়া আধিকারিকের কার্যালয় এবং জেলা ক্রীড়া সংস্থার মধ্যে আয়োজিত প্রদর্শনী হকি ম্যাচে ৭-৪ গোলে জেলা ক্রীড়া সংস্থা জয়লাভ করে । ম্যাচে চারটি গোল করে সৌরভ হাজাম সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছে । অনুষ্ঠানে উপস্থিত সকল ক্রীড়াবিদদের সম্মান জানানো হয়েছে । পাশাপাশি অনুর্দ্ধ-১৪ ক্রিকেট চ্যাম্পিয়ন দল এবং এর কোচকে ট্র্যাকসুট দিয়ে সংবর্ধিত করা হয় ।

এদিকে বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থার উদ্যোগে শিলচরের টাউন ক্লাব কার্যালয়ে জাতীয় ক্রীড়া দিবস পালন করা হয়েছে । এতে বক্তব্য রাখতে গিয়ে বাক্‌সের সদস্যরা কিংবদন্তী হকি খেলোয়াড় ধ্যানচান্দকে স্মরণ করেন এবং সুস্থ জীবনের জন্য শরীরচর্চার উপর গুরুত্ব আরোপ করেন ।

শ্রীভূমি জেলায়ও আজ এই দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে । শ্রীভূমির পি এম শ্রী কেন্দ্রীয় বিদ্যালয়ের উদ্যোগে আজ জাতীয় ক্রীড়া দিবস উদযাপন এবং স্কুলটির বার্ষিক ক্রীড়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তর করিমগঞ্জের বিধায়ক জাকারিয়া আহমেদ । তিনি ছাত্রছাত্রীদের খেলাধূলার প্রতি উৎসাহিত করেন এবং তাদের উজ্জ্বল ভবিষ্যত কামনা করেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শ্রী আহমেদ বলেন যে- খেলাধূলা শুধু শরীর ও মনকে সুস্থ রাখে না, বরং শৃঙ্খলা, ঐক্য ও নেতৃত্ব প্রদানের গুণাবলী বিকাশেও

গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে । তিনি তরুণ প্রজন্মকে পড়াশোনার পাশাপাশি নিয়মিত খেলাধূলায় অংশগ্রহণের আহ্বান জানান ।

এদিকে বদরপুরে বাক্সের শ্রীভূমি জেলা শাখার উদ্যোগে আলেখারগুলে একটি প্রদর্শনী হকি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে ।

হাইলাকান্দি জেলায় জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষে নানা কর্মসূচির আয়োজন করা হয়েছে । হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা এবং বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থার হাইলাকান্দি শাখার যৌথ উদ্যোগে আজ জেলা ক্রীড়া সংস্থার সভাকক্ষে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয় । এতে ভারতের কিংবদন্তী হকি খেলোয়াড় ধ্যানচান্দের জন্মদিন উপলক্ষে তাঁর জীবন, ক্রীড়াক্ষত্রে তাঁর অবদান এবং অর্জন নিয়ে বিভিন্ন বক্তা প্রাসঙ্গিক বক্তব্য রাখেন । এতে জাতীয় স্তরে ব্রোঞ্জ পদকপ্রাপ্ত জেলার ছ'জন সেপাক টাকরো খেলোয়াড়কে সম্মানিত করা হয় । উল্লেখ্য-এরা আগামী ৬ থেকে ১১ই সেপ্টেম্বর জম্মু কাশ্মীরে অনুষ্ঠেয় ২৯তম সাব-জুনিয়র ন্যাশনাল সেপাক টাকরো চ্যাম্পোয়নশিপে অংশ নেবে ।

---------------------------------------------------------------------------------

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতায় পঞ্চম দল হিসেবে ওয়াইথাই এফ সি কোয়ার্টার ফাইনালে প্রবেশ করেছে । ধলাই-র বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের খেলার মাঠে অনুষ্ঠিত আজকের খেলায় নাহারুল ইউনাইটেড এফ সিকে ২-১ গোলের ব্যবধানে পরাজিত করে ওয়াইথাই এফ সি কোয়ার্টার ফাইনালে প্রবেশ করেছে ।ম্যাচে অনবদ্য প্রদর্শনের জন্য যোশেফ সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন ।

প্রতিযোগীতায় আগামীকাল বি গ্রুপ থেকে দ্বিতীয় রাউন্ডের খেলায় ছোট শালগঙ্গা এফ সি এবং মথুরাপুর এফ সি পরস্পরের মুখোমুখি হবে ।

---------------------------------------------------------------------------------

দ্বিতীয়বারের মতো লক্ষীপুর পৌরসভার এক্স-অফিশিও সদস্য হিসেবে শপথ গ্রহণ করলেন লক্ষীপুরের বিধায়ক কৌশিক রাই । আজ লক্ষীপুর পৌরসভার সভাকক্ষে আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রথমে অনুষ্ঠানের উদ্দেশ্য ও তাৎপর্য ব্যাখ্যা করেন পৌরপতি মৃণাল কান্তি দাস । এরপর এক্স-অফিশিও সদস্য হিসেবে দায়িত্ব পালনের শপথবাক্য পাঠ করেন মন্ত্রী কৌশিক রাই। তাঁকে শপথবাক্য পাঠ করান লক্ষীপুর পৌরসভার পৌরপতি শ্রী দাস ।

---------------------------------------------------------------------------